সমকাল

তারিখ ... 19 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# যোগ্যতা শিথিল, খোলা হলো নতুন বিভাগ

■ সৌভাগ্য বড়ুয়া, *চবি*

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (অনার্স) প্রথম বর্ষে চারটি ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি এবার উচ্চ মাধ্যমিকে পরীক্ষার ফল বিপর্যয়ের জন্য ভর্তি পরীক্ষা দেওয়ার যোগ্যতাও শিথিল করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী ২৬ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে। তবে কত তারিখ কোন ইউনিটের পরীক্ষা নেওয়া হবে, তা এখনও চূড়ান্ত করা হয়নি। এ বছর থেকে চবিতে আর দ্বিতীয়বারের মতো পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ থাকছে না। ফলে যারা ২০১৭ সালে উচ্চ মাধ্যমিকে উত্তীর্ণ হয়েছেন, শুধু তারাই ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবেন। গত রোববার বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ডিনস কমিটির মিটিংয়ে এসব সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানান ভর্তি পরীক্ষা কমিটির সচিব ও চবি ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) এসএম আকবর হোসাইন। এতদিন পৃথক ১০টি ইউনিটে অনুষ্ঠিত হয়েছে ভর্তি পরীক্ষা।

চবির ডেপুটি রেজিস্ট্রার (এঁকাডেমিক) এসএম আকবর হোসাইন বলেন, "২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (অনার্স) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা এবার চারটি ইউনিটের অধীনে নেওয়া হবে। 'ক' ইউনিটের বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের, 'খ' ইউনিটের অধীনে কলা বিডাগের শিক্ষার্থীদের, 'গ' ইউনিটের অধীনে ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের এবং 'ঘ' ইউনিটের অধীনে সম্মিলিত সব বিভাগের শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হবে। 'ঘ' ইউনিটের অধীনে আইন অনুষদের আইন বিভাগ, শিক্ষা অনুষদের স্পোর্টস সায়েন্স বিভাগের ভর্তি পরীক্ষা নেওয়া হবে। এ ছাড়া ব্যবসায় শিক্ষা অনুষদে (বিবিএ) ভর্তি হতে বিজ্ঞান ও কলা বিভাগের শিক্ষার্থীদের (বিবিএ) পরীক্ষাও 'ঘ' ইউনিটের অধীনেই নেওয়া হবে।" তিনি আরও বলেন, ভর্তি পরীক্ষা চার ইউনিটের অধীনে নেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হলেও এখনও পরীক্ষার মানবণ্টন কেমন হবে, তা চূড়ান্ত করা হয়নি। আগের মতো মানবণ্টনে পরীক্ষা হবে, নাকি নতুন মানবণ্টনে হবে তা পরে জানানো হবে। পাশাপাশি ভর্তি পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে। আগামী ২৬, ২৭, ২৮ ও ২৯ অক্টোবর ভর্তি পরীক্ষা নেওয়া হবে। কত তারিখ কোন ইউনিটের পরীক্ষা নেওয়া হবে, তা পরে জানানো হবে।'

এদিকে গত বছরের তুলনায় এ বছর আবেদনের যোগ্যতাও শিথিল করা হয়েছে জানিয়ে তিনি বলেন, এ বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ফল বিপর্যয়ের ফলে ভর্তি আবেদনে গত বছরের তুলনায় যোগ্যতা শিথিল করা হয়েছে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে দুটিতে ন্যূনতম জিপিএ ৩সহ মোট জিপিএ ৬.৫ থাকতে হবে। মানবিক বিভাগের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ন্যূনতম জিপিএ ২.২৫সহ মোট জিপিএ ৫.৫ থাকতে হবে। ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ন্যূনতম জিপিএ ৩সহ মোট জিপিএ ৬ থাকতে হবে।

২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে নতুন আরও পাঁচটি বিভাগ খোলার পরিকল্পনা করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) কাছে একটি প্রস্তাবও পাঠিয়েছে কর্তৃপক্ষ। তবে এখনও ইউজিসি থেকে একটি বিভাগ খোলার অনুমতি পেয়েছে চবি কর্তৃপক্ষ। কলা ও মানববিদ্যা অনুষদের অধীনে বাংলাদেশ স্টাডিজ বিভাগে অনার্স কোর্স চালু হচ্ছে ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে। ৫০টি আসন নিয়ে চালু হতে যাচ্ছে এ বিভাগ। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. কামরুল হুদা সমকালকে বলেন, ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে নতুন পাঁচটি বিভাগ খোলার জন্য ইউজিসির কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। ইউজিসি বাংলাদেশ স্টাডিজ বিভাগটি খোলার অনুমতি দিয়েছে। কলা ও মানববিদ্যা অনুষদের অধীনে এ বছর থেকে ৫০টি আসনে এ বিভাগে অনার্স কোর্স চালু করা হবে। বাকিগুলো অনুমোদনের অপেক্ষায় রয়েছে।